শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moef.gov.bd

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৬.১৪.০৪৬.২০.১৯৬

তারিখ: ২ ভাদ্র ১৪২৭
১৭ আগস্ট ২০২০

বিষয়: **জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে পরিবেশ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশের শহরগুলোর জৈব আর্বজনা ব্যবহার করে প্রোগ্রাম্যাটিক সিডিএম -২য় পর্যায়" শীর্ষক প্রকল্পের সংশোধিত প্রশাসনিক অনুমোদন আদেশ জারি সংক্রান্ত।**

সূত্র: বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট হতে প্রাপ্ত পত্র নং: ২২.০৬.০০০০.১২২.১৪.৮১৬.১৬.৪৩, তারিখ: ২৩/০৭/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের অনুবৃত্তিক্রমে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বর্ণিত প্রকল্পটি গত ৩১/১২/২০১৫ তারিখে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট এর ট্রাস্টি বোর্ডের ৩৮তম সভায় প্রাক্কলিত ব্যয় ৫০০ (পাঁচশত) লক্ষ টাকায় জুলাই ২০১৬ হতে জুন ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে গত ১৬/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৫১তম সভায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের আন্ত:খাত সমন্বয়সহ মেয়াদ জুলাই ২০১৬ হতে জুন ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়। সংশোদিত প্রকল্প প্রস্তাবটি সর্বশেষ গত ২৬/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৫২তম সভায় উপস্থাপন করা হলে সিদ্ধান্ত গৃহীত হয় যে, "বাংলাদেশের শহরগুলোর জৈব আর্বজনা ব্যবহার করে প্রোগ্রাম্যাটিক সিডিএম -২য় পর্যায়" শীর্ষক প্রকল্পের আওতায় কিশোরগঞ্জ পৌরসভার পরিবর্তে ব্রাহ্মণবাড়িয়া পৌরসভাকে প্রকল্প এলাকা হিসেবে অন্তর্ভুক্তকরণ এবং ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আন্ত:খাত সমন্বয়সহ প্রকল্পের মেয়াদ জুন ২০২১ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব অনুমোদন করা হলো এই শর্তে যে, সংশোধিত অনুমোদন আদেশ জারির পূর্বে ব্রাহ্মণবাড়িয়া পৌরসভায় কম্পোস্ট প্লান্ট নির্মাণের জায়গা প্রাপ্তির বিষয়ে প্রত্যয়ন দাখিল করতে হবে। ট্রাস্টি বোর্ডের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্পের সংশোধিত প্রশাসনিক আদেশ জারি করা হলো। প্রকল্পের বরাদ্দকৃত অর্থ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে নির্বাহ কর হবে। অনুমোদিত প্রকল্প প্রস্তাবের এক প্রস্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

প্রকল্পটির মুল মেয়াদকালঃ জুলাই ২০১৬ হতে জুন ২০১৯।
প্রকল্পটির মেয়াদকাল (সংশোধিত): জুলাই ২০১৬ হতে জুন ২০২১।
বাস্তবায়নকারী সংস্থাঃ পরিবেশ অধিদপ্তর।
প্রকল্পটির অনুমোদিত আইটেম ও আইটেম ওয়ারী ব্যয় বিভাজন নিম্নরূপঃ

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্র: নং | অর্থনৈতিক কোড | খাতের বিবরণ (নির্মাণ ও পূর্ত) | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | ৪৮০০ | সরবরাহ ও সেবা | ১৬৫.০০ |
| (ক) মোট রাজস্ব ব্যয় | | | ১৬৫.০০ |
| ০১ | ৬৮০০ | সম্পদ সংগ্রহ ও ক্রয় | ১৫.০০ |
| ০২ | ৭০০০ | নির্মাণ ও পূর্ত | ৩২০.০০ |
| (খ) মোট মূলধন ব্যয় | | | ৩৩৫.০০ |
| সর্বমোট ব্যয় (ক+খ) | | | ৫০০.০০ |

**প্রকল্প বাস্তবায়নের অন্যান্য শর্তাবলীঃ**

১। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা অনুসরণ করতে হবে;
২। এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Public Procurement Act (PPA) 2006 এবং Public Procurement Rule (PPR) 2008 অনুসরণ করতে হবে;
৩। এ অনুমোদন আদেশ জারির পর প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় যথাশীঘ্র প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করবে এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;
৪। অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোন অংশে এ অর্থ ব্যয় করা যাবে না;
৫। প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC) গঠনপূর্বক বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টকে অবহিত করতে হবে;
৬। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিংপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণ করতে হবে;
৭। অনুমোদিত প্রকল্পের অর্থছাড়ের ক্ষেত্রে ব্যয় বিভাজন (চার কিস্তির অর্থ সমভাবে বিভক্তপূর্বক) নির্ধারিত ছকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে হবে;
৮। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড কপি এবং সফট্

৯। প্রকল্প বাস্তবায়ন শুরুর পূর্বে প্রকল্প এলাকার বর্তমান অবস্থা/পরিস্থিতির রঙ্গিন ছবি ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে;

১০। প্রকল্প পরিচালকের কার্যালয়ে এবং প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এলাকায় বিসিসিটি কর্তৃক নির্ধারিত পরিমাপ (৩ ফুট বাই ২ ফুট) ও স্পেসিফেকেশন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট তথ্য সম্বলিত দৃশ্যমান সাইনবোর্ড স্থাপন করতে হবে;

১১। সংশোধিত জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী অনুমোদন আদেশ জারির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্পের কার্যক্রম শুরু করা না হলে প্রকল্পের অনুমোদন আদেশ বাতিল বলে গণ্য হবে;

১২। প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালার অনুচ্ছেদ ১০.১ অনুযায়ী প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়ভার প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী সংস্থা/প্রশাসনিক মন্ত্রণালয়ের উপর বর্তাবে এবং প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্তির পর অডিট রিপোর্টের কপি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে যথাসময়ে প্রেরণ করতে হবে;

১৩। প্রকল্পের ব্যাংক বিবরণীসহ অব্যয়িত অর্থ সুদ সমেত এবং প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত মালামাল ও যন্ত্রপাতি বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে ফেরত প্রদান করতে হবে।

১৪। প্রকল্প সমাপ্তির ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্প পরিচালক কর্তৃক প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) নির্ধারিত ছকে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণ করতে হবে।

১৯-৮-২০২০
মোঃ মাজেদুল ইসলাম
উপসচিব

জনাব মো: আবুল কালাম আজাদ. উপপরিচালক (সমন্বয়),
পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা ও প্রকল্প পরিচালক
"বাংলাদেশের শহরগুলোর জৈব আর্বজনা ব্যবহার করে
প্রোগ্রাম্যাটিক সিডিএম -২য় পর্যায়" শীর্ষক প্রকল্প (অনুমোদিত
প্রকল্প প্রস্তাবের ১ প্রস্তসহ)।।

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৮৬.১৪.০৪৬.২০.১৯৬/১(৭)

তারিখ: ২ ভাদ্র ১৪২৭
১৭ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

২) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।

৩) মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৪) জেলা প্রশাসক, ফেনী ও ব্রাহ্মণবাড়িয়া (প্রকল্পটি জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় এজেন্ডাভুক্তকরণ এবং পরিবীক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

৬) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

৭) সিস্টেম এনালিস্ট , আইসিটি শাখা , পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৯-৮-২০২০
মোঃ মাজেদুল ইসলাম
উপসচিব